দৈনিক সংবাদ

তারিখ ... NOV. 12 1999
পৃষ্ঠা ... কলাম ...

০১

স্কুল ফাইনাল পরীক্ষা

# আবার হরতাল ডাকতে বিরোধী জোটের দ্বিধা

( নিজস্ব বার্তা পরিবেশক )

স্কুল ফাইনাল পরীক্ষার মধ্যে হরতাল ডাকতে বিএনপিসহ আন্দোলনরত বিরোধী-দলীয় জোট দ্বিধাদ্বন্দ্বে ভুগছে। তবে আন্দোলনের ধারাবাহিকতা রক্ষার জন্য হরতাল ডাকা প্রয়োজন বলেও বিবেচনা করা হচ্ছে।

বিএনপি নেতা এম শামসুল ইসলামের সভাপতিত্বে গতকাল বৃহস্পতিবার সকালে তার ধানমণ্ডিস্থ বাসভবনে ৪ দলীয় জোটের লিয়াজোঁ কমিটির অনুষ্ঠিত বৈঠকে আন্দোলনের পরবর্তী কর্মসূচি নিয়ে আলোচনা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন বিএনপির আনোয়ার জাহিদ, জাতীয় পার্টির এবিএম

হরতাল ঃ পৃঃ ১১ কঃ ৪

# দ্রুত পরীক্ষা শেষ করতে স্কুলে স্কুলে বিএনপির চিঠি যাচ্ছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিএনপি স্কুলগুলোকে দ্রুত পরীক্ষা শেষ করার ব্যাপারে চিঠি দিচ্ছে। সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

সূত্রমতে, বিএনপি আন্দোলনকে চাঙ্গা করতে একের পর এক হরতালসহ কঠোর কর্মসূচি দিতে চাচ্ছে। দলের কিছু কট্টরপন্থী নেতা এ ব্যাপারে সক্রিয়। তবে দলের চেয়ারপারসন ও বিরোধীদলীয় নেত্রী বেগম খালেদা জিয়া পরীক্ষার কথা বিবেচনা করতে নির্দেশ দিয়েছেন। তার কারণেই স্কুলগুলোকে চিঠি দিয়ে দ্রুত পরীক্ষা শেষ করতে বলা হচ্ছে।

আলমের স্বীকারোক্তিমূলক জবানবন্দি হলো রিপোর্টের মূল ভিত্তি। পত্রিকায় প্রকাশিত খবরও তারা বিবেচনা করেছে বলে জানা যায়।

তদন্ত কমিটি পুলিশের মধ্যে কিছুসংখ্যক উর্ধ্বতন কর্মকর্তা, প্রশাসনের বিভিন্ন স্তরের দায়িত্বশীল ব্যক্তিবর্গ, বিশেষ করে বিচারকার্যের সঙ্গে যুক্ত কর্মকর্তারা ও কিছুসংখ্যক সাংবাদিক এরশাদ শিকদারের কাছ থেকে ঘুস গ্রহণসহ নানা সুবিধা নিয়েছেন- এমন প্রমাণ পেয়েছে বলে বিশ্বস্ত সূত্রে জানা যায়।

সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রায় ২শ' পৃষ্ঠার এই তদন্ত রিপোর্টে দুর্নীতির সঙ্গে যুক্ত পুলিশসহ অন্য কর্মকর্তাদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণের সুপারিশ রয়েছে বলে জানা যায়।

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে আজ বিশেষ সিনেট অধিবেশন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আজ শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটের বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হবে। আগামী ১৮ই ডিসেম্বর অনুষ্ঠেয় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনকে সামনে রেখে এ বিশেষ অধিবেশন আহ্বান করা হয়েছে।